

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
দিনাজপুর

www.deo.dinajpur.gov.bd

স্মারক নং: জেশিঅ/দিনাজ/২০২৬/২৮৪

তারিখ: ২২.০৪.২০২৬

বিষয়: "নতুন কুড়ি স্পোর্টস"-২০২৬ দিনাজপুর জেলার শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, 'নতুন কুড়ি স্পোর্টস'-২০২৬ কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্তে ১২ থেকে ১৪ বছর বয়সী প্রতিভাবান ক্রীড়া শিক্ষার্থীদের খুঁজে বের করতে দেশব্যাপী বিদ্যালয়ভিত্তিক অংশগ্রহণ নিশ্চিতকরণের জন্য নিম্ন-লিখিত নির্দেশনাসমূহ আপনার আওতাধীন উপজেলার মাধ্যমিক বিদ্যালয়ের সকল প্রতিষ্ঠান প্রধান-কে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১. ১২ থেকে ১৪ বছর বয়সী (যাদের জন্ম ০২.০৫.২০১২ থেকে ০২.০৫.২০১৪ এর মধ্যে) শিক্ষার্থীদের ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য আগামী ২৭ এপ্রিল, ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে। উল্লেখ্য যে, রেজিস্ট্রেশনের সময়-সীমা ২৪ এপ্রিল থেকে বৃদ্ধি করে ২৭ এপ্রিল, ২০২৬ করা হয়েছে।

০২. শিক্ষার্থীদের <https://notunkurisports.gov.bd> লিংকের মাধ্যমে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে। রেজিস্ট্রেশন সম্পন্ন করার ক্ষেত্রে কোন ফি প্রদান করতে হবে না।

০৩. রেজিস্ট্রেশন করার নিমিত্তে খেলার ইভেন্টসমূহের নাম: ফুটবল, ক্রিকেট, কাবাডি, দাবা, সাঁতার, ব্যাডমিন্টন, অ্যাথলেটিক্স এবং মার্শাল আর্ট (কারাতে, জুডো, উশু ও তাইকোয়ানডো)। একজন রেজিস্ট্রেশন সম্পন্নকারী সর্বোচ্চ দুইটি ইভেন্টে অংশগ্রহণ করতে পারবে।

০৪. প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান হতে কমপক্ষে ১৫ (পনের) জন শিক্ষার্থীর রেজিস্ট্রেশন সম্পন্ন করে শিক্ষার্থীদের নামের তালিকা সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে প্রেরণ নিশ্চিত করতে হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস নির্বাচিতদের তালিকা (হার্ড ও সফট কপি) email:dinajpurdeo2008@yahoo.com প্রেরণ করবেন।

০৫. উপজেলা/থানা পর্যায়ের বাছাই প্রতিযোগিতা আগামী ২৮ ও ২৯ এপ্রিল, ২০২৬ খ্রি. তারিখে এবং জেলা পর্যায়ের ক্রীড়া প্রতিযোগিতা ০২ মে, ২০২৬ খ্রি. তারিখ হতে ০৯ মে, ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
(সকল), দিনাজপুর।

(খন্দকার মোঃ আলাউদ্দীন আল আজাদ)

জেলা শিক্ষা অফিসার
দিনাজপুর।
email:dinajpurdeo2008@yahoo.com

স্মারক নং-জেশিঅ/দিনাজ/২০২৬/

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে-

১। জেলা প্রশাসক, দিনাজপুর।

২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), দিনাজপুর।

৩। সংরক্ষণ নথি।

তারিখ:

(খন্দকার মোঃ আলাউদ্দীন আল আজাদ)
জেলা শিক্ষা অফিসার
দিনাজপুর।